দৈনিক বাংলা

তারিখ ..1 5. SEP. 1987... ...
পৃষ্ঠা... ... 1 ... কলাম... 1 ... ...



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এম এ মান্নানের নেতৃত্বে সিন্ডিকেটের কয়েকজন সদস্য ও প্রোক্টর সোমবার প্রেসিডেন্ট এরশাদের সঙ্গে দেখা করেন।

**ভিসি প্রোক্টর ও সিন্ডিকেট সদস্য প্রেসিডেন্টের সঙ্গে দেখা করেছেন**

# ভার্সিটিকে সব সহায়তা দেয়া হবে : এরশাদ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক এম এ মান্নানের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের কয়েকজন সদস্য ও প্রোক্টর প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সঙ্গে দেখা করেছেন।

বাসস-র এ খবরে প্রকাশ সোমবার সন্ধ্যায় ঢাকায় প্রেসিডেন্ট সচিবালয়ে এই সাক্ষাৎকালে তাঁরা বিশ্ববিদ্যালয় খোলার প্রাক্কালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নেয়া বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে প্রেসিডেন্ট এরশাদকে অবহিত করেন। প্রেসিডেন্ট এরশাদ দেশের বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর। শিক্ষার অব্যাহত অনুকূল পরিবেশ বজায় রাখা ও সেই সঙ্গে বিশ্ববিদ্যালয়কে অস্ত্র ও হিংসাত্মক কার্যকলাপমুক্ত রাখার জন্যেও এসব পদক্ষেপ নেয়া হচ্ছে।

আগের যেসব পরীক্ষা অনুষ্ঠিত না হয়ে জমে আছে এবং 'সেসন জ্যাম' সৃষ্টি করে রেখেছে, সেসব পরীক্ষা অনুষ্ঠানের জন্যে বিশ্ববিদ্যালয়ের গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে তাঁরা প্রেসিডেন্টকে অবহিত করেন। তাঁরা তাঁকে আরও জানান বিগত প্রায় দু দশক ধরে বিশ্ববিদ্যালয়ের কাছে যেসব ডিগ্রীর সনদপত্র পড়ে আছে, বিশেষ বন্দোবস্তের মাধ্যমে গ্রহীতাদের স্ব স্ব বিভাগ মারফত সেসব সনদপত্র দেয়া হবে।

৫-এর পৃঃ দ্রঃ

## ভার্সিটিকে

১ম পৃঃ পর

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রেসিডেন্ট বিদ্যাপীঠ হিসাবে বিশ্ববিদ্যালয়কে অক্ষুণ্ণ রাখা ও প্রাচ্যের অক্সফোর্ড হিসাবে তার অতীতের গৌরব পুনরুদ্ধারের ব্যাপারে সম্ভাব্য সবরকম সাহায্য সহযোগিতা দেয়ার আশ্বাস দেন।

উপপ্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিন ও শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান এই সাক্ষাৎকালে উপস্থিত ছিলেন।